127

আজকের কাগজ

তারিখ .. 05 NOV 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# ক্ষুদে মাস্তানদের অত্যাচারে কেরানীগঞ্জের ছাত্রীরা স্কুল, কলেজে যাওয়া ছেড়ে দিচ্ছে

কেরানীগঞ্জে দিন দিন বখাটেদের দৌরাত্ম চরমে উঠছে। এসব ক্ষুদে মাস্তান তথা বখাটেদের অত্যাচারে স্কুল কলেজগামী ছাত্রীরা শংকিত হয়ে পড়েছে। ফলে স্কুলে কলেজে যাওয়ার প্রতি বিতশ্রদ্ধ হচ্ছে ছাত্রীরা। সম্প্রতি স্কুলছাত্রীরা যাতায়াতের পথে নাজেহাল হওয়ার কারণে জিনজিরা পীর মোঃ উচ্চ বালিকা বিদ্যালয় প্রাঙ্গনে স্কুল ম্যানেজিং কমিটি, স্থানীয় নেতৃবৃন্দ ও অভিভাবকদের সমন্বয়ে বখাটে নির্মূল সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় চিহ্নিত বখাটেদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। ইতিপূর্বে আজকের কাগজসহ বিভিন্ন দৈনিকে বখাটেদের সম্বন্ধে লেখালেখি এবং কেরানীগঞ্জের ক্ষমতাসীন জনৈক নেতার চাপে থানা কর্তৃপক্ষ স্কুলে যাওয়া-আসার সময় বখাটেদের আড্ডাস্থলে পাহারা দেয় এবং কয়েকজন বখাটে ছেলেকে নাজেহাল করে। পুলিশের প্রহরায় কয়েকদিন বখাটেদের দৌরাত্ম্য কম পরিলক্ষিত হলেও বর্তমানে বখাটেরা তৎপর হয়ে উঠেছে। চিহ্নিত বখাটেদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারলেই বখাটেদের দৌরাত্ম্য হ্রাস পাবে। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ প্রয়োজন। কেরানীগঞ্জ থেকে আজাদ হোসেন সুমন।